



ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ

Vision

“গতি, সেবা, ত্যাগ” আমাদের মূলমন্ত্র
দুর্যোগ মোকাবেলায় আমরা দৃঢ়প্রতিজ্ঞ।

Mission

অন্যান্য সংস্থার সাথে সমন্বয়সাধন করে অগ্নি দুর্ঘটনাসহ যে কোন দুর্যোগে জান-মালের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা, দুর্ঘটনায় আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান, রোগী পরিবহনে এ্যাম্বুলেন্স সহায়তা প্রদান, বহুতল/বাণিজ্যিক ভবন, শিল্প কারখানায় অগ্নিদুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণ, পরামর্শ ও মহড়া পরিচালনা এবং বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ।

সিটিজেন চার্টার

অগ্নি-দুর্ঘটনা, উদ্ধার ও আহত সেবা :

- ১। দুর্ঘটনার সাথে সাথে নিকটস্থ ফায়ার স্টেশন বা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে দুর্ঘটনার সংবাদ প্রদান করতে হবে।
- ২। সংবাদ প্রাপ্তির সাথে সাথে ফায়ার কর্মীগণ সাজ-সরঞ্জামাদিসহ দুর্ঘটনাস্থলে গমন করেন।
- ৩। যেকোন দুর্যোগে ১৯৯ ডায়াল করলেই-এ সেবা পাওয়া যায়। এছাড়া নিকটস্থ ফায়ার স্টেশনের নম্বর সংগ্রহ করুন।
- ৪। উল্লেখিত সেবা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে নিম্নলিখিত নম্বরে যোগাযোগ করুন :

উপ-পরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা	০২-৯৫৫৬৭৫৮
উপ-পরিচালক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম	০৩১-৭১৬৩২৬
উপ-পরিচালক, রাজশাহী বিভাগ, রাজশাহী	০৭২১-৭৭৪২২৪
উপ-পরিচালক, খুলনা বিভাগ, খুলনা	০৪১-৭৬০৩৩৪
উপ-পরিচালক, সিলেট বিভাগ, সিলেট	০৮২১-৭১৬৩৫০
উপ-পরিচালক, বরিশাল বিভাগ, বরিশাল	০৪৩১-৬৫১৩৩

ফায়ার লাইসেন্স (অগ্নি-দুর্ঘটনা প্রতিরোধমূলক পরামর্শ সেবা) :

- ১। স্থানীয় সহকারী পরিচালক/উপ-পরিচালক বরাবর ফায়ার সার্ভিসের নির্ধারিত ফরম পূরণপূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।
 - (ক) ট্রেড লাইসেন্স।
 - (খ) প্রতিষ্ঠানের নিজস্ব ভবনে ব্যবসা পরিচালনা হলে পৌরসভা কর্তৃক প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির বার্ষিক মূল্যায়ন পত্র।
 - (গ) ভাড়া বাড়িতে ব্যবসা হলে ভাড়ার চুক্তিপত্র।
 - (ঘ) রাজউক/পৌরসভা কর্তৃক অনুমোদিত স্থাপনার নকশা।
 - (ঙ) প্রতিষ্ঠানটি লিমিটেড কোম্পানী হলে Memorandum of Articles (Certificate of Incorporation)
 - (চ) প্রতিষ্ঠান সংক্রান্ত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক অনাপত্তি সনদ।
 - (ছ) বহুতল বা বাণিজ্যিক ভবন হলে ফায়ার সার্ভিসের ছাড়পত্র।
 - (জ) গার্মেন্টস প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফায়ার সার্ভিস নির্ধারিত তথ্য বিবরণী।
- ২। আবেদন প্রাপ্তির পর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তর কর্তৃক নিয়োজিত পরিদর্শকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়।
- ৩। পরিদর্শনের পর অগ্নি প্রতিরোধমূলক পরামর্শ প্রদান করা হয়।
- ৪। পরামর্শ মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করার পর পুনরায় পরিদর্শন করা হয়।
- ৫। পরিদর্শন যুক্তিসঙ্গতভাবে সন্তোষজনক হলে সর্বোচ্চ ৯০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়।
- ৬। যুক্তিসঙ্গত কারণে লাইসেন্স প্রদানের বিষয়ে সন্তুষ্ট না হলে মহাপরিচালক লাইসেন্সের আবেদন প্রাপ্তির ১২০ (একশত বিশ) দিনের মধ্যে আবেদনকারীকে ত্রুণানীর সুযোগ প্রদান করবেন।
- ৭। মহাপরিচালকের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার কোন সিদ্ধান্তে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি পুনঃ বিবেচনার জন্য মহাপরিচালকের নিকট আবেদন করবেন।
- ৮। উক্ত আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালক সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- ৯। উক্ত বিষয়ে মহাপরিচালকের সিদ্ধান্তে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সরকারের নিকট আপীল করতে পারবেন।
- ১০। আপীল প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।

বহুতল বাণিজ্যিক ভবনের ছাড়পত্র :

- ১। অগ্নি প্রতিরোধ নির্বাপন আইন ২০০৩ এর ৭নং ধারা অনুসারে অনূর্ধ্ব ৭ তলা ভবনের বা বাণিজ্যিক ভবনের অগ্নি প্রতিরোধমূলক ছাড়পত্র প্রদান করা হয়।
- ২। স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহাপরিচালক বরাবর সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করবেন।
- ৩। আবেদনের সাথে ভবনের নকশা ও দলিল প্রদান করবেন।
- ৪। অতঃপর অত্র অধিদপ্তর কর্তৃক মনোনীত পরিদর্শক ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ভবন পরিদর্শন করেন।
- ৫। পরিদর্শনের পর অগ্নি প্রতিরোধমূলক পরামর্শ প্রদান করা হয়।
- ৬। পরামর্শ মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করলে শর্তসাপেক্ষে পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ছাড়পত্র প্রদান করা হয়।
- ৭। পরিদর্শন যুক্তিসঙ্গত কারণে সন্তোষজনক না হলে ভবন ব্যবহারের অনুপযোগী মর্মে মহাপরিচালক ঘোষণা করতে পারেন।
- ৮। ভবন ব্যবহারের অনুপযোগী ঘোষণার কারণে কোন ব্যক্তি সংশ্লিষ্ট হলে তিনি উক্তরূপ ঘোষণার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপীল করতে পারবেন।
- ৯। উক্ত আপীল প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

এ্যাম্বুলেন্স সার্ভিস :

- ১। অত্র অধিদপ্তর স্থানীয়ভাবে বা আন্তঃ জেলা পর্যায়ে রোগী পরিবহনের নিমিত্তে জনসাধারণের জন্য এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করে থাকে।
- ২। এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় শুধুমাত্র রোগীকে বাসা থেকে হাসপাতালে অথবা দুর্ঘটনার স্থান থেকে হাসপাতালে স্থানান্তর করা হয়।
- ৩। এ সেবার জন্য স্থানীয় পর্যায়ে বা পৌর এলাকায় ফোনের বা বার্তাবাহকের মাধ্যমে এ্যাম্বুলেন্স কল গ্রহণ করা হয়।
- ৪। আন্তঃ জেলা পর্যায়ে বা দূরবর্তী কলের ক্ষেত্রে রোগী পরিবহনের জন্য নির্ধারিত ফরম পূরণপূর্বক পূর্ব অনুমোদন নিতে হয়।
- ৫। রোগী পরিবহনের জন্য ভাড়ার হার নিম্নরূপ :
 - (ক) দেশের সকল মেট্রোপলিটন শহর এলাকাসহ সকল পৌর এলাকায় ১ মাইল/১ কিলোমিটার হতে ৫ মাইল/৮ কিলোমিটার পর্যন্ত ৫০ (পঞ্চাশ) টাকা।
 - (খ) ৫ মাইলের উর্ধ্বে হতে ১০ মাইল অথবা ৮ কিলোমিটার হতে ১৬ কিলোমিটার পর্যন্ত প্রতি কল ১০০ (একশত) টাকা।
 - (গ) দূরবর্তী/আন্তঃজেলা কলের ক্ষেত্রে প্রতি মাইল ১০ (দশ) টাকা ও প্রতি কিলোমিটার ৬ (ছয়) টাকা।
- ৬। এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় লাশ এবং সংক্রামক ব্যাধির রোগী বহন করা হয় না।

অগ্নি প্রতিরোধমূলক মহড়া, পরামর্শ ও প্রশিক্ষণ সেবা :

- ১। উক্ত সেবা গ্রহণের জন্য স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহাপরিচালক বরাবর আবেদন করতে হয়।
- ২। আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অত্র অধিদপ্তর আর্থিক সংশ্লেষ ও অন্যান্য শর্তাবলীসহ প্যাকেজ প্রস্তাব প্রেরণ করে।
- ৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত শর্তপালনে সম্মত হলে অত্র অধিদপ্তরের মনোনীত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহিত প্রয়োজনীয় সমন্বয়সাধন পূর্বক নিম্নলিখিত সেবা প্রদান করে থাকে :
 - (ক) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে পরামর্শ প্রদান।
 - (খ) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
 - (গ) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে মহড়া পরিচালনা।